Date: 16/11/2026

To,

National Stock Exchange of India Limited
Listing department, Exchange Plaza,
Bandra- Kurla Complex, Bandra (E)
Mumbai- 400 051

Sub: Newspaper Advertisement under Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015

Pursuant to Regulation 47 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 as amended from time to time, please find enclosed Newspaper Clipping of the advertisement published in English and regional (Bengali) newspaper(s) for the quarter & Half year ended **September 30,2026**

This is for your information and records.

Thanking You

For Vedika Credit Capital Ltd
For Vedika Credit Capital Ltd
Gaurav Kumar Vohra
Company Secretary
Gaurav Kumar Vohra
Company Secretary & Compliance Officer

ছটপুজোর অর্ঘ্যে ঠেকুয়া ঐতিহ্যের স্বাদে মিশে রয়েছে লোকসংস্কৃতি

নিজস্ব প্রতিনিধি, বালুরঘাট, ১৩ নভেম্বর ঃ ছটপুজো মানেই নদীর ঘাটে উদীয়মান ও অস্তগামী সূর্যের উদ্দেশ্যে অর্ঘ্য নিবেদন। আর সেই অর্ঘ্যের ডালায় ফলমূল আখ নারকেলের পাশাপাশি বিশেষ জায়গা জুড়ে থাকে ঐতিহ্যবাহী ঠেকুয়া। শুধু একটি মিষ্টি নয় ছটপুজোর ধর্মীয় আচার ও লোকসংস্কৃতির সঙ্গে জড়িয়ে থাকা এই খাবার উৎসবের অন্যতম পরিচিত প্রসাদ। বিহার ঝাড়খণ্ড ও উত্তরপ্রদেশের পূর্বাঞ্চলে এর প্রচলন দীর্ঘদিনের। বর্তমানে দেশের বিভিন্ন প্রান্তে ছটপুজোর প্রসার ঘটায় ঠেকুয়ার পরিচিতিও ছড়িয়েছে। মূলত গমের আটা গুড় ও ঘি দিয়ে তৈরি হয় ঠেকুয়া। স্বাদ ও সুগন্ধ বাড়াতে অনেক পরিবারে মেশানো হয় মৌরি, এলাচ ও নারকেল। মাখা আটা থেকে ছোট ছোট লেচি তৈরি করে কাঠের নকশা করা ছাঁচে চাপ দিয়ে বিশেষ আকৃতি দেওয়া হয়। পরে ঘি অথবা তেলে ধীরে ধীরে ভেজে তৈরি করা হয় এই প্রসাদ। অঞ্চল ও পরিবারভেদে উপকরণ এবং তৈরির পদ্ধতিতে কিছু পার্থক্য দেখা যায়। ছটপুজোর সন্ধ্যার অর্ঘ্য ও পরদিন ভোরের অর্ঘ্যের সময় বাঁশের কুলো বা ডালায় ঠেকুয়া সাজিয়ে নিবেদন করা হয় সূর্যদেবকে। পুজোর পরে আত্মীয়স্বজন প্রতিবেশী ও অন্যদের মধ্যে প্রসাদ বিলি করা হয়। শুকনো প্রকৃতির এই খাবার তুলনামূলকভাবে বেশ কিছুদিন সংরক্ষণ করা যায়। ফলে প্রসাদ বিতরণেও এর বিশেষ সুবিধা রয়েছে। ঠেকুয়ার উৎপত্তির নির্দিষ্ট সময়কাল নিয়ে নিশ্চিত ঐতিহাসিক তথ্য না থাকলেও ছটপুজোর সঙ্গে এর নিবিড় সম্পর্ক প্রতিষ্ঠিত। প্রজন্মের পর প্রজন্ম ধরে চলে আসা এই খাদ্যপরম্পরা আজও উৎসবের অন্যতম পরিচয় বহন করছে।



পশ্চিমবঙ্গ আবাস যোজনায় রাজ্যের ৭ লক্ষাধিক উপভোক্তার হাতে আর্থিক সহায়তা দিলেন মুখ্যমন্ত্রী

শেফালী মাহাতো, পুরুলিয়া, ১৩ নভেম্বর ঃ রাজ্যবাসীর পাকা বাড়ির স্বপ্ন পূরণে বড়সড় পদক্ষেপ নিল রাজ্য সরকার। শুক্রবার, এক বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে পশ্চিমবঙ্গ আবাস যোজনায় রাজ্যের ৭ লক্ষাধিক উপভোক্তার হাতে আর্থিক সহায়তা তুলে দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিনের এই কেন্দ্রীয় অনুষ্ঠানের সঙ্গে রাজ্যের সমস্ত জেলা ও ব্লক প্রশাসন ভার্চুয়ালি যুক্ত ছিল। এই উপলক্ষ্যে পুরুলিয়া জেলা সদর দপ্তরে জেলাশাসকের উপস্থিতিতে এক বিশেষ জেলাস্তরীয় অনুষ্ঠানের আয়োজন



করা হয়। জেলা সদরের পাশাপাশি জেলার ২০টি ব্লক সদর দপ্তরেও একইভাবে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল, যেখানে স্থানীয় উপভোক্তারা অংশগ্রহণ করেন। প্রশাসন সূত্রে জানা গেছে, এদিন পুরুলিয়া জেলার মোট ১৯,৫৬৯ জন উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি (DBT-এর মাধ্যমে) আবাস যোজনার দ্বিতীয় কিস্তির ৬০,০০০ টাকা করে পাঠানো হয়েছে। আবাস যোজনার আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি, এদিনের অনুষ্ঠান থেকে উপভোক্তাদের সরকারের অন্যান্য জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধা সম্পর্কেও বিস্তারিত অবহিত করা হয়। প্রশাসনের তরফে জানানো হয়ঃ VB-G RAM G প্রকল্পের আওতায় উপভোক্তারা ৯৫ দিনের কাজের মজুরি পাবেন। স্বচ্ছ ভারত মিশন-গ্রামীণ (SBM-G)- এর অধীনে ব্যক্তিগত শৌচালয় নির্মাণের জন্য ১২,০০০ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হবে। PM সূর্য ঘর যোজনা-র আওতায় বাড়ির ছাদে সোলার প্যানেল স্থাপনের জন্য সরকারি ভর্তুকির সুবিধাও গ্রহণ করতে পারবেন উপভোক্তারা। সরকারি এই উদ্যোগের ফলে জেলার বহু দু ঃস্থ পরিবার পাকা মাথার ছাদের পাশাপাশি আনুষঙ্গিক অন্যান্য সরকারি পরিষেবারও সরাসরি সুযোগ পেতে চলেছে।

তিন দিন নিখোঁজ থাকার পর জলাশয় থেকে উদ্ধার দুই বন্ধুর দেহ

নিজস্ব প্রতিনিধি, মালদা, ১৩ নভেম্বর ঃ তিন দিন ধরে নিখোঁজ থাকার পর শুক্রবার সকালে একটি জলাশয় থেকে উদ্ধার হল দুই বন্ধুর দেহ। এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে ইংরেজবাজার থানার কাজিগ্রাম এলাকায়। মৃত দুই যুবকের নাম ভাস্কর চৌধুরী (২৮) এবং অনুপ চৌধুরী (২৬)। পরিবার সূত্রে জানা গেছে, তিন দিন আগে দুই বন্ধু বাইক নিয়ে একসঙ্গে ঘুরতে বেরিয়েছিলেন। তারপর থেকে তাঁদের কোনও খোঁজ পাওয়া যাচ্ছিল না। পরিবারের সদস্যরা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করেও তাঁদের সন্ধান পাননি। অবশেষে শুক্রবার সকালে কাজিগ্রামের একটি জলাশয়ে দুই যুবকের দেহ দেখতে পান স্থানীয় বাসিন্দারা। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় ইংরেজবাজার থানার পুলিশ। জলাশয় থেকে দেহ দুটি উদ্ধারের পাশাপাশি একটি বাইকও উদ্ধার করা হয়েছে। দুই যুবকের মৃত্যুকে ঘিরে রহস্য ঘনীভূত হয়েছে। পরিবারের সদস্যদের অভিযোগ, এটি স্বাভাবিক মৃত্যু নয়, পরিকল্পিত খুন। তাঁদের আরও দাবি, কয়েক দিন আগে অনুপকে তাঁর জামাইবাবু কোনও একটি বিষয় নিয়ে খুনের হুমকি দিয়েছিলেন। সেই অভিযোগের পরিপ্রেক্ষিতেও তদন্তের দাবি উঠেছে। ইতিমধ্যেই দেহ দুটি মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে পুলিশ। মৃত্যুর প্রকৃত কারণ জানতে ঘটনার তদন্ত শুরু হয়েছে। ময়নাতদন্তের রিপোর্টের পরই মৃত্যুর কারণ স্পষ্ট হবে।

চাঁদা দিতে অস্বীকার, ব্যবসায়ীর বাড়িতে হামলা

নিজস্ব প্রতিনিধি, বীরভূম, ১৩ নভেম্বর ঃ চাঁদা দিতে অস্বীকার করায় এক ব্যবসায়ীর বাড়িতে গভীর রাতে হামলা ও ভাঙচুর চালানোর অভিযোগ উঠল একদল দুষ্কৃতীর বিরুদ্ধে। বৃহস্পতিবার রাতে বীরভূমের সিউড়ি শহরের রবীন্দ্রপল্লি এলাকায় এই চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে। ঘটনার জেরে তীব্র আতঙ্ক ছড়িয়েছে স্থানীয় বাসিন্দা ও ব্যবসায়ী মহলে। স্থানীয় সূত্রে জানা গেছে, ব্যবসায়ী গৌতমকুমার মণ্ডলের একটি মোবাইলের দোকান রয়েছে সিউড়ি বাসস্ট্যান্ড এলাকায়। তিনি সপরিবারে শহরের রবীন্দ্রপল্লি এলাকায় বসবাস করেন। অভিযোগ, বৃহস্পতিবার গভীর রাতে আচমকাই গৌতমবাবুর কাছে একটি হুমকি ফোন আসে। অভিযোগ, ফোনে তাঁকে অকথ্য ভাষায় গালিগালাজ করা হয় এবং মোটা অঙ্কের চাঁদার দাবি জানানো হয়। এই ঘটনার পর চরম আতঙ্কিত হয়ে তিনি নিজের মোবাইল ফোনটি বন্ধ করে দেন। এর পরেই একদল দুষ্কৃতী তাঁর বাড়িতে চড়াও হয় এবং ভাঙচুর চালায় বলে অভিযোগ। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য তৈরি হয়েছে।

ছটপুজোর কেনাকাটায় জমজমাট গাজোল হাট! প্রচুর চাহিদা কুলো-পাখার

নিজস্ব প্রতিনিধি, মালদা, ১৩ নভেম্বর ঃ আর মাত্র এক দিনের অপেক্ষা। তারপরই সূর্যদেবের আরাধনায় মেতে উঠবেন ছটব্রতীরা। তার আগে ছটপুজোর শেষ মুহূর্তের কেনাকাটায় জমজমাট হয়ে উঠল মালদার গাজোল সাপ্তাহিক হাট। সকাল থেকেই পুজোর সামগ্রী কিনতে হাটে ভিড় জমাতে শুরু করেন ক্রেতারা। বিশেষ করে বাঁশের তৈরি কুলো, চালুন ও পাখার চাহিদা ছিল চোখে পড়ার মতো। ক্রেতাদের ব্যাপক উপস্থিতিতে এদিন কার্যত সরগরম হয়ে ওঠে গোটা হাট চত্বর। ছটপুজোয় বাঁশের তৈরি কুলো, চালুন ও পাখার বিশেষ গুরুত্ব রয়েছে। পুজোর বিভিন্ন উপকরণ সাজিয়ে সূর্যদেবকে অর্ঘ্য নিবেদনের ক্ষেত্রে এই সামগ্রীগুলি ব্যবহার করেন ব্রতীরা। তাই পুজোর আগে এগুলি কিনতে হাটে ভিড় করেন বহু মানুষ। গাজোলের পাশাপাশি আশপাশের বিভিন্ন এলাকা থেকেও কেনাকাটা করতে আসেন ক্রেতারা। এক ক্রেতা বলেন, শনিবার এবং রবিবার ছট উৎসব পালন হবে। তার আগে কুলো, চালুন, পাখা-সহ পুজোর জন্য বিভিন্ন সামগ্রী নিতে হচ্ছে। দাম একটু বেশি তবে পুজো উপলক্ষ্যে কিনতে হচ্ছে। এদিন হাটে বিভিন্ন আকারের কুলো, চালুন, পাখা-সহ নানা সামগ্রী সাজিয়ে পসরা নিয়ে বসেছিলেন ব্যবসায়ীরা। ক্রেতাদের পছন্দ অনুযায়ী বিভিন্ন দামে বিক্রি হচ্ছে সেগুলি। এক ব্যবসায়ী জানান, একটি কুলো ১২০ থেকে ১৫০ টাকা এবং পাখা ১০০ থেকে ১৫০ টাকায় বিক্রি হচ্ছে। চালুনেরও ভাল চাহিদা রয়েছে। তবে বেশি পরিমাণে কুলো বিক্রি হচ্ছে। গত বছরের তুলনায় এবছর ছটপুজোর বাজারে বেচাকেনা অনেকটাই ভাল হচ্ছে।



এদিন সকাল থেকেই ক্রেতাদের আনাগোনায় উৎসব মুখর হয়ে গোটা হাট চত্বর। সব মিলিয়ে ছটপুজোকে কেন্দ্র করে মালদার গাজোল সাপ্তাহিক হাটে এখন উৎসবের আমেজ। একদিকে যেখানে শেষ মুহূর্তের কেনাকাটায় ব্যস্ত ক্রেতারা, অন্যদিকে ভাল বিক্রির আশায় হাটে আসা ব্যবসায়ীরা।

চিকিৎসায় গাফিলতিতে সদ্যোজাতের মৃত্যুর অভিযোগ, রণক্ষেত্র নদীয়ার নার্সিংহোম

নিজস্ব প্রতিনিধি, নদীয়া, ১৩ নভেম্বর ঃ জন্মের পর মা ও সদ্যোজাত উভয়েই সুস্থ থাকলেও, আচমকা শিশুটির শারীরিক অবস্থার অবনতি এবং পরবর্তীতে মৃত্যুর ঘটনায় তীব্র উত্তেজনা ছড়াল নদীয়ার নবদ্বীপের একটি বেসরকারি নার্সিংহোমে। চিকিৎসায় গাফিলতি ও উপযুক্ত পরিকাঠামোর অভাবেই সদ্যোজাতের মৃত্যু হয়েছে বলে অভিযোগ তুলে নার্সিংহোমে বিক্ষোভ দেখান মৃত শিশুর পরিবারের সদস্যরা। পারিবারিক সূত্রে জানা গেছে, পূর্ব বর্ধমানের পারুলিয়া সাহাপাড়ার বাসিন্দা রুদ্রপ্রসাদ সাহার স্ত্রী ঈশিকা ধরকে গত সোমবার বিকেল ৫টা নাগাদ নবদ্বীপের ওই নার্সিংহোমে ভর্তি করানো হয়। সেদিনই রাত সওয়া ১০টা নাগাদ তিনি একটি পুত্রসন্তানের জন্ম দেন। পরিবারের দাবি, জন্মের পর গভীর রাত পর্যন্ত মা ও সন্তান দু'জনেই সম্পূর্ণ সুস্থ ছিল। এমনকি মঙ্গলবার সকাল সাড়ে ৭টা পর্যন্ত শিশুটির শারীরিক অবস্থায় কোনও অস্বাভাবিকতা ছিল না বলে নার্সিংহোম কর্তৃপক্ষের তরফেও জানানো হয়েছিল। অভিযোগ, এর কিছুক্ষণ পরেই নার্সিংহোম থেকে ফোন করে পরিবারকে জানানো হয় যে, খাওয়ানোর সময় শিশুটির শ্বাসনালীতে খাবার আটকে গেছে এবং তারপর থেকেই তার অবস্থার অবনতি হতে শুরু করে। শিশুটির বাবা রুদ্রপ্রসাদ সাহার অভিযোগ, সেই জরুরি মুহূর্তে নার্সিংহোমে কোনও উপযুক্ত চিকিৎসক উপস্থিত ছিলেন না বরং কর্তব্যরত আয়ারাই পাম্পের সাহায্যে শিশুটির চিকিৎসা করার চেষ্টা করছিলেন। পরিস্থিতি গুরুতর হয়ে উঠলে সদ্যোজাতকে প্রথমে নবদ্বীপ স্টেট জেনারেল হাসপাতালে এবং পরে অক্সিজেন সাপোর্টে কৃষ্ণনগরের একটি বেসরকারি হাসপাতালে স্থানান্তরিত করা হয়। পরিবারের দাবি, সেখানে দু'দিন চিকিৎসাধীন থাকার পর চিকিৎসকরা জানান যে শিশুটির মস্তিষ্কে রক্তক্ষরণ হচ্ছে এবং তার মুখ থেকেও রক্ত বেরোতে শুরু করে। অবস্থার আরও অবনতি হলে শেষ পর্যন্ত শিশুটিকে কৃষ্ণনগর সদর হাসপাতালে ভর্তি করা হয়। সেখানেই চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার দুপুর ২টো নাগাদ মৃত্যু হয় সদ্যোজাতটির। খবর ছড়িয়ে পড়তেই ক্ষোভে ফেটে পড়েন মৃত শিশুর পরিজনেরা। তাঁরা নবদ্বীপের ওই নার্সিংহোমে গিয়ে তীব্র বিক্ষোভ দেখান। পরিবারের অভিযোগ, ওই নার্সিংহোমে চিকিৎসার ন্যূনতম পরিকাঠামো ও নিয়মশৃঙ্খলার অভাব রয়েছে। মৃত শিশুর দিদা রাখি ধর আক্ষেপের সুরে জানান, এটি তাঁর মেয়ের প্রথম সন্তান ছিল এবং এমন পরিণতি তাঁরা কিছুতেই মেনে নিতে পারছেন না। ইতিমধ্যেই নার্সিংহোম কর্তৃপক্ষের বিরুদ্ধে পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে এবং ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত সাপেক্ষে দোষীদের কঠোর শাস্তির দাবি জানিয়েছে পরিবার। এই অভিযোগের বিষয়ে নার্সিংহোমের ম্যানেজার কোনও মন্তব্য করতে চাননি।

Tender Reference No:- BAGHAR-II GP/15TH FC TIED/ 2582 Date:-13/11/2026

Online Tender is invited from the experienced and resourceful bidders for execution of CONST OF COVERED DRAIN INCLUDING SOAK PIT at 4(Four) different places. NAME OF FUND: 16TH CFC, TIED. Bid submission end date 20/11/2026 upto 12.00 P.M. Bid Opening Date (Technical) 23/11/2026 at 12.00 P.M. For details please visit website: **https://tenders.wb.gov.in.**

Sd/- Pradhan
Baghar-II Gram Panchayat
Baghar * Purba-Bardhaman

E-Tender Notice

e-Tenders are invited for different type of works under 15th FC Fund of **N.I.e.T. No.-02/HPS/15th FC/ 2026-27**. Documents and other details is available in the website **https://tenders.wb.gov.in**. The last date of submission for all the tenders are up to **14.00 hours** on dated **13/11/2026** respectively. Further, contact with the office of the undersigned for any quarries in the office hours.

Sd/- Executive Officer
Hariharpara Panchayat Samiti
Hariharpara, Murshidabad

Notice invting Tender
Office of the Pradhan
Jamalpur-II Gram Panchayat
Nutangram, Jamalpur, Purba Bardhaman, PIN - 713408, (Under Jamalpur Dev. Block.)

Offline and Online Tender is hereby invited by JAMALPUR-II Gram Panchayat from the bonafied and eligible contractors of different types of works in Gram Panchayat area under 15th F.C. 2025-2026 fund. Tender Online: 315/Jam-II/26, 316/Jam-II/26 Dated-05.11.2026 (16th CFC TIED & UNTIED 2026-2027). Details are available in Office Notice Board.

Sd/- Prodhan
Jamalpur-II Gram Panchayat

JAMALPUR- I GRAM PANCHAYAT
JAMALPUR :: PURBA BARDHAMAN

E-Tender Notice No. NIT-02/JAM-1/16TH FC Tied / 2026-2027, Dt-06-01-2026 E-Tender are here by invited by the Prodhan, Jamalpur-1 G.P. from bonfire contractors to participate in the E- Tender from 07.11.2026 to 21.11.2026. Date of opening 25.11.2026 at 9.00 AM for further details. Visit the website **WWW.wbtenders.gov.in** or G.P.

Sd/-
Prodhan
Jamalpur I Gram Panchayat
Jamalpur, Burdwan

এন. কে. টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ লিমিটেড

কর্পোরেট আইডেন্টিফিকেশন নম্বর (CIN): L17299DL1983PLC163230
নিবন্ধিত কার্যালয়: ৩য় তলা, ওমাক্স স্কয়ার, প্লট নং ১৪, জাসোলা ডিস্ট্রিক্ট সেন্টার, জাসোলা, নিউ দিল্লি, দিল্লি - ১১০ ০২৫;
টেলিফোন নং: +৯১ ১১ ৬১১১ ৯৪২৯
যোগাযোগকারী ব্যক্তি: অঙ্কিত চতুর্বেদী, কোম্পানি সচিব ও কমপ্লায়েন্স অফিসার;
ইমেল আইডি: n.ktextiles123@gmail.com ; ওয়েবসাইট: www.nktil.com

পোস্টাল ব্যালট নোটিস

এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ (**"অ্যাক্ট"**)-এর ধারা ১০৮, ১১০ এবং অন্যান্য প্রযোজ্য বিধান (যদি থাকে) অনুসারে; কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪ (**"রুলস"**)-এর রুল ২০ ও রুল ২২ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ ("লিস্টিং রেগুলেশনস")-এর রেগুলেশন ৪৪ সহ পঠিত, এবং কর্পোরেট বিষয়ক মন্ত্রক (**"MCA"**) কর্তৃক জারি করা জেনারেল সার্কুলার নং ১৪/২০২০ (৮ এপ্রিল, ২০২০), ১৭/২০২০ (১৩ এপ্রিল, ২০২০), ২২/২০২০ (১৫ জুন, ২০২০), ৩৩/২০২০ (২৮ সেপ্টেম্বর, ২০২০), ৩৯/২০২০ (৩১ ডিসেম্বর, ২০২০), ১০/২০২১ (২৩ জুন, ২০২১), ২০/২০২১ (৮ ডিসেম্বর, ২০২১), ৩/২০২২ (৫ মে, ২০২২), ১১/২০২২ (২৮ ডিসেম্বর, ২০২২) এবং ০৯/২০২৩ (২৫ সেপ্টেম্বর, ২০২৩) (এরপর একত্রে **"MCA সার্কুলার"** বলে উল্লিখিত) দ্বারা নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী, এবং কোম্পানিজ অ্যাক্ট, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (ডিলিস্টিং অব ইক্যুইটি শেয়ার্স) রেগুলেশনস, ২০২১ (**"ডিলিস্টিং রেগুলেশনস"**) এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন, ২০১৫ (**"লিস্টিং রেগুলেশনস"**)-এর অধীনে প্রণীত অন্যান্য সমস্ত প্রযোজ্য বিধি অনুসারে, যার মধ্যে বর্তমানে বলবৎ বা ভবিষ্যতে প্রণীত যেকোনো বিধিবদ্ধ সংশোধন, সংযোজন বা পুনঃপ্রণয়নও অন্তর্ভুক্ত, কোম্পানি ২০২৬ সালের **৭ নভেম্বর** তারিখের পোস্টাল ব্যালট নোটিসে বর্ণিত নিম্নোক্ত বিশেষ প্রস্তাবে সদস্যদের অনুমোদন চাইছে, যা ইলেকট্রনিক ভোটিং (**"ই-ভোটিং"**) মাধ্যমে এবং ভৌত শেয়ারধারী শেয়ারহোল্ডারদের ক্ষেত্রে বৈধ পোস্টাল ব্যালট ফর্ম (**"পোস্টাল ব্যালট ফর্ম"**) প্রাপ্তির মাধ্যমে সম্পন্ন হবে:

ক্রমিক নং	বিশেষ প্রস্তাবের বিবরণ
১.	**মেট্রোপলিটান স্টক এক্সচেঞ্জ অব ইন্ডিয়া লিমিটেড ("MSE") এবং দ্য ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ ("CSE") থেকে, যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ার বর্তমানে তালিকাভুক্ত রয়েছে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অব ইন্ডিয়া (ডিলিস্টিং অব ইক্যুইটি শেয়ার্স) রেগুলেশনস, ২০২১ অনুসারে কোম্পানির ইক্যুইটি শেয়ারের স্বেচ্ছায় ডিলিস্টিং-এর অনুমোদন**

পোস্টাল ব্যালট নোটিসটি সেই সমস্ত শেয়ারহোল্ডারকে পাঠানো হয়েছে, যাঁদের নাম ২০২৬ সালের ৬ নভেম্বর (**"কাট-অফ তারিখ"**) তারিখে কোম্পানি/রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট ("RTA") বা ডিপোজিটরি/ডিপোজিটরি পার্টিসিপ্যান্টস ("DP") থেকে প্রাপ্ত সদস্যদের তালিকা/বেনিফিশিয়াল ওনারদের তালিকায় রয়েছে; ইলেকট্রনিক শেয়ারহোল্ডিংয়ের ক্ষেত্রে তাঁদের DP-র কাছে নিবন্ধিত ই-মেইল আইডিতে, এবং যে শেয়ারহোল্ডারদের ই-মেইল আইডি নিবন্ধিত নেই তাঁদের ক্ষেত্রে অনুমোদিত মাধ্যমে প্রি-পেইড ডাক খামসহ পোস্টাল ব্যালটের নোটিস, ব্যাখ্যামূলক বিবৃতি ও পোস্টাল ব্যালট ফর্মের একটি হার্ড কপি পাঠানো হয়েছে।

সদস্যদের ভোটাধিকার কাট-অফ তারিখে সদস্য/বেনিফিশিয়াল ওনারদের নামে নিবন্ধিত ইক্যুইটি শেয়ারের পরিশোধিত মূল্য অনুসারে নির্ধারিত হবে।

যে সদস্যরা এখনও তাঁদের ই মেইল ঠিকানা নিবন্ধন করেননি, তাঁদের ইলেকট্রনিক আকারে ধারিত শেয়ারের ক্ষেত্রে ডিপোজিটরির কাছে তাঁদের ডিপোজিটরি পার্টিসিপ্যান্টের মাধ্যমে এবং ভৌত আকারে ধারিত শেয়ারের ক্ষেত্রে কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট ("RTA"), T-34, ২য় তলা, ওখলা ইন্ডাস্ট্রিয়াল এরিয়া ফেজ-II, নিউ দিল্লি ১১০০২০, টেলিফোন নং: ০১১-২৬৩৮ ৭২৮১/৮২/৮৩, investor@masserv.com-এ ই-মেইল পাঠিয়ে অথবা কোম্পানির n.ktextiles123@gmail.com-এ ই-মেইল পাঠিয়ে তা নিবন্ধন করতে হবে।

কোম্পানি তার সদস্যদের ই-ভোটিং সুবিধা প্রদানের জন্য ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (**"NSDL"**)-এর পরিষেবা নিয়োগ করেছে।

সদস্যগণ লক্ষ করুন যে, নোটিসটি কোম্পানির ওয়েবসাইট www.nktil.com-এ, NSDL-এর ই-ভোটিং ওয়েবসাইট https://www.evoting.nsdl.com-এ এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট https://www.msei.in/ ও https://www.cse-india.com/-এ পাওয়া যাবে।

কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ এবং রুলস-এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় বিবরণ নিচে দেওয়া হল:

ক্রমিক নং	বিবরণ	বার, তারিখ ও সময়
১.	ভোট দেওয়ার যোগ্য সদস্য নির্ধারণের কাট-অফ তারিখ	**শুক্রবার, ৬ নভেম্বর, ২০২৬**
২.	নোটিস প্রেরণের তারিখ (ইলেকট্রনিক ও ভৌত উভয়)	**বৃহস্পতিবার, ১২ নভেম্বর, ২০২৬**
৩.	ভোটদান শুরুর তারিখ ও সময় (ই-ভোটিং এবং পোস্টাল ব্যালট ফর্ম পাঠানোর জন্য)	**শুক্রবার, ১৩ নভেম্বর, ২০২৬ সকাল ৯.০০ টা IST**
৪.	নির্ধারিত তারিখ ও সময়ের পর ভোটদান অনুমোদিত হবে না / ভোটদানের সমাপ্তির তারিখ ও সময় (ই-ভোটিং এবং পোস্টাল ব্যালট ফর্ম পাঠানোর জন্য)	**শনিবার, ১২ ডিসেম্বর, ২০২৬; বিকেল ০৫.০০ টা IST**
৫.	কোনো প্রশ্ন/অভিযোগের ক্ষেত্রে যোগাযোগের বিবরণ	**নাম:** অঙ্কিত চতুর্বেদী **পদবি:** কোম্পানি সচিব **ঠিকানা:** ওমাক্স স্কয়ার, প্লট নং ১৪, ৩য় তলা, জাসোলা ডিস্ট্রিক্ট সেন্টার, জাসোলা, নিউ দিল্লি-১১০০২৫ **ইমেল:** n.ktextiles123@gmail.com **টোল ফ্রি নং: টেলিফোন নং:** +৯১ ১১ ৬১১১ ৯৪২৯

চেয়ারম্যান অথবা চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত যেকোনো ডিরেক্টর বা অন্য কোনো ব্যক্তি **মঙ্গলবার, ১৫ ডিসেম্বর, ২০২৬** তারিখে বা তার আগে পোস্টাল ব্যালট প্রক্রিয়ার ফলাফল ঘোষণা করবেন। স্ক্রুটিনাইজারের প্রতিবেদনসহ ফলাফল কোম্পানির ওয়েবসাইট www.nktil.com-এ উপলব্ধ করা হবে এবং যে স্টক এক্সচেঞ্জগুলিতে কোম্পানির ইক্যুইটি শেয়ার তালিকাভুক্ত রয়েছে সেগুলিকেও জানানো হবে। প্রস্তাবটি প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতায় গৃহীত হলে, ভোটদানের জন্য নির্ধারিত শেষ তারিখে, অর্থাৎ **শনিবার, ১২ ডিসেম্বর, ২০২৬** তারিখে, তা গৃহীত হয়েছে বলে গণ্য হবে।

পরিচালনা পর্ষদের আদেশানুসারে
এন কে টেক্সটাইল ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পক্ষে
স্বাক্ষরিত/-
বলবীর সিং
ডিরেক্টর
DIN: ০০০২৭৪৩৮

স্থান: নিউ দিল্লি
তারিখ: ১২ নভেম্বর, ২০২৬

Tender Reference No:- BAGHAR-II GP/15TH FC TIED/ 2581 Date:-13/11/2026

Online Tender is invited from the experienced and resourceful bidders for execution of INSTALLATION OF MINI SUBMERSIBLE WITH PIPE LINE WATER SUPPLY INFRONT OF SIMDAL BAMUN PUKUR BURNING GHAT. NAME OF FUND: 15TH FC, TIED. Bid submission end date 20/11/2026 upto 12.00 P.M. Bid Opening Date (Technical) 23/11/2026 at 12.00 P.M. For details please visit website: **https://tenders.wb.gov.in.**

Sd/- Pradhan
Baghar-II Gram Panchayat
Baghar * Purba-Bardhaman

Corrigendum Notice

e-Tenders are invited for Electrical Work under SSM fund in **N.I.e.T. No.– 04/HBDO/ SSM/2026-27**. Documents and other details is available in the website **tenders.wb.gov.in.** The last date of submission for NIeT up to **14.00 hours** on dated **18/11/2026** respectively. Further, contact with the office of the undersigned for any quarries in the office hours.

Sd/-
Block Development Officer
Hariharpara Development Block

Tender Reference No:- BAGHAR-II GP/15TH FC TIED/ 2580 Date:-13/11/2026

Online Tender is invited from the experienced and resourceful bidders for execution of CONSTRUCTION OF COVERED DRAIN INCLUDING SOAK PIT. NAME OF FUND: 15TH FC, TIED. Bid submission end date 20/11/2026 upto 12.00 P.M. Bid Opening Date (Technical) 23/11/2026 at 12.00 P.M. For details please visit website: **https:// tenders.wb.gov.in.**

Sd/- Pradhan
Baghar-II Gram Panchayat
Baghar * Purba-Bardhaman

ডিজেল লোকো শেড, শিলিগুড়ি ইত্যাদিতে উদ্যানপালন সংক্রান্ত কাজ

টেন্ডার নোটিশ নং ঃ ১৪৪-এসজিইউডি - গার্ডেনিং-কম্বাইন্ড-২০২৬; **জিইএম বিড নং ঃ** জিইএম/২০২৬/বি/৮২৪৯৮৪০; **তারিখ ঃ** ০৬-১১-২০২৬। নিম্নলিখিত কাজের জন্য নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে; **কাজের নাম ঃ** ৩ বছরের জন্য নিউ জলপাইগুড়ি ট্রিপ শেডে সাধারণ রক্ষণাবেক্ষণ ও পরিচ্ছন্নতা কাজ এবং ডিটিটিসি/ডিটিটিএইচ এবং প্রশাসনিক ভবনের লিনেন ধোয়া ও ইস্ত্রি করার কাজ সহ ডিজেল লোকো শেড, শিলিগুড়ি জংশন, উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে-তে ডিজেল লোকো শেড, শিলিগুড়ি, এসটিসি এবং সিমুলেটর ভবনে উদ্যানপালন এবং ডিটিটিসি, লোকো সিমুলেটর ভবন ও ইএমডি লোকো সিমুলেটর ভবনের পরিচ্ছন্নতা। **টেন্ডার মূল্য ঃ** ১,৯৫,১২,২৫৯.২২/- টাকা; **বায়না মূল্য ঃ** ২,৪৭,৫৭০/- টাকা; টেন্ডার **বন্ধ** হওয়ার তারিখ ও সময় ২৮-১১-২০২৬ তারিখে ১৫:০০ টায় এবং টেন্ডার **খোলার** তারিখ ও সময় ২৯-১১-২০২৬ তারিখে ১৫:০০ টায়। বিস্তারিত বিবরণের জন্য অনুগ্রহ করে **http:// gem.gov.in** ওয়েবসাইটি দেখুন।

সিনিয়র ডিএমই/ডিজেল/শিলিগুড়ি জংশন
উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে
প্রসন্ন চিত্তে মানুষের সেবায়

Tender Reference No:- BAGHAR-II GP/15TH FC TIED/ 2583 Date:-13/11/2026

Online Tender is invited from the experienced and resourceful bidders for execution of CONST OF CC ROAD and OPEN STAGE at 6(Six) different places. NAME OF FUND: 16TH CFC, UNTIED. Bid submission end date 20/11/2026 upto 12.00 P.M. Bid Opening Date (Technical) 23/11/2026 at 12.00 P.M. For details please visit website: **https://tenders.wb.gov.in.**

Sd/- Pradhan
Baghar-II Gram Panchayat
Baghar * Purba-Bardhaman

E-TENDER NOTICE
Labpur Development Block
Labpur, Birbhum
NIeT No: 02/VBGRAMG/ LAB/2026-27(2nd Call)

E-Tenders is invited for Supply work Bid Submission start-14/11/2026 Ends 20/11/2026. For more details, please visit https://tenders.wb.gov.in or office notice board.

Sd/-
Block Development Officer
Labpur Development Block

পূর্ব রেলওয়ে

সিনি. ডিভিসনাল ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (জেনারেল)/পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ৩য় তল, রিমোট কন্ট্রোল বিল্ডিং, পূর্ব রেলওয়ে, কলকাতা-৭০০০১৪ নিম্নবর্ণিত কাজের জন্য ই-টেন্ডার আহ্বান করছেন ঃ **(১) টেন্ডার নং. ইএলইজি-ওটি-১৩৮৫-২০২৬-২৭; কাজের বিবরণঃ** শিয়ালদহ ডিভিসন-এর আওতাধীন ভিএসএস- এর অধীনে সমস্ত স্টেশনে মনিটরিং-এর জন্য অবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে এটি পাওয়ার সাপ্লাইয়ের সক্ষমতা বৃদ্ধি। **টেন্ডার মূল্য ঃ** ৯২,৭৭,২১১.০০ টাকা; **বায়না মূল্যঃ** ১,৮৫,৬০০.০০ টাকা, **কাজ শেষ করার মেয়াদ ঃ** ১২ মাস। **(২) ইএলইজি-ওটি-১৪০৪- ২০২৬-২৭; কাজের বিবরণঃ** শিয়ালদহ স্টেশন, ক্যালকাটা গুডস ইয়ার্ড, এনসিসি ইয়ার্ড, এনএসএস ইয়ার্ড, সিপি স্লিকলাইন, সিপি পয়েন্ট, এবং সিপি পিএফ-এ এসি কোচ ও সেলুন-গুলিতে চার্জ দেওয়ার জন্য 'প্রি-কুলিং চার্জিং পয়েন্ট' রেনোভেশনের জন্য বৈদ্যুতিক কাজ; **টেন্ডার মূল্য ঃ** ৮০,৪৯,৯৫০.০০ টাকা **বায়না মূল্যঃ** ১,৬১,০০০.০০ টাকা, **কাজ শেষ করার মেয়াদ ঃ** ০৬ মাস। **(৩) ইএলইজি-ওটি-১৪১১-২০২৬-২৭; কাজের বিবরণ ঃ** রানাঘাট-কৃষ্ণনগর সিটি (২৬.০৪ কিমি) শাখায় স্বয়ংক্রিয় সিগন্যালিং ব্যবস্থা সম্পর্কিত প্রস্তাবিত কাজের জন্য সাধারণ বৈদ্যুতিক কাজ; **টেন্ডার মূল্য ঃ** ১,১৪,৩৩,০৫৪.০০ টাকা; **বায়না মূল্যঃ** ২,২৮,৭০০.০০ টাকা, **কাজ শেষ করার মেয়াদ ঃ** ০৯ মাস। **(৪) ইএলইজি-ওটি-১৪১২-২০২৬-২৭; কাজের বিবরণ ঃ** শিয়ালদহ ডিভিসনে (ফেজ-১)-এর পার্সোনেল শাখায় "কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি)" সেন্টারের সঙ্গে সম্পর্কিত সাধারণ বৈদ্যুতিক কাজ। **টেন্ডার মূল্য ঃ** ১,১০,০২,৩৬৫.০০ টাকা; **বায়না মূল্যঃ** ২,২০,১০০.০০ টাকা, **কাজ শেষ করার মেয়াদ ঃ** ০৮ মাস। **IREPS-এ টেন্ডার প্রকাশের তারিখ ঃ** ক্রমিক নং. ১ থেকে ৪ প্রতিটির জন্য ১৬.১১.২০২৬। **নিলাম শুরুর তারিখ ঃ** ১৬.১১.২০২৬। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ক্রমিক নং. ১ থেকে ৪ প্রতিটির জন্য ৩০.১১.২০২৬ তারিখ দুপুর ২.০০টা পর্যন্ত। সময় সময় ইস্যু হওয়া বিস্তারিত টেন্ডার বিজ্ঞপ্তি এবং সংশোধনী ওয়েবসাইট **www.ireps.gov.in** থেকে পাওয়া যাবে। SDAH-303/2026-27

টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।

আমাদের অনুসরণ করুন : @EasternRailway
Eastern Railway Headquarter

হাওড়া পৌর নিগম

৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া- ৭১১১০১
সংবাদপত্রে প্রকাশের জন্য সংক্ষিপ্ত দরপত্র বিজ্ঞপ্তি

হাওড়া পৌরনিগম-এর আওতাধীন রাস্তা বিভাগের কাজের জন্য, সংশ্লিষ্ট কাজে পর্যাপ্ত অভিজ্ঞতাসম্পন্ন স্বনামধন্য, সক্ষম ও প্রকৃত ঠিকাদারদের কাছ থেকে নির্ধারিত ফর্মে ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য ই-টেন্ডার বিজ্ঞপ্তি এবং এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারের দপ্তরে পাওয়া যাবে (https:// www.wbtenders.gov.in)। দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৩.১১.২০২৬, বিকেল ৫.০০টা পর্যন্ত। কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার হাওড়া পৌরনিগম কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

টেন্ডার বিজ্ঞপ্তির নম্বর : WB-HMC/NIT/ED/33/EE-II/26-27 Dated: 05-11-2026

১১৪(১) /২৬-২৭
১৩।১১।২০২৬

সচিব
হাওড়া পৌরনিগম

বিজ্ঞপ্তি

আমার মক্কেল দেবজ্যোতি দাস, পিতা- শ্রী প্রশান্ত দাস, জগদীশপুর হাট, হাওড়া নিবাসী। মহাশয় গত ইংরাজি ০৮.১০.২০২৬ তারিখে ৯৩৯৬ নং সদর বিষয় কোবালা দ্বারা একটি জমি ক্রয় করেন, যাহা এ.ডি.এস.আর. হাওড়া রেজিস্ট্রি অফিস মারফত, যাহার মধ্যে একটি আমমোক্তার নামা দলিল সংযুক্ত আছে, যাহার বুক নং-১ এবং দলিল নং ৮৪১৩, ইংরাজি সন- ২০২৬। উক্ত মক্কেল খরিদা জমির নাম খারিজ আবেদন করিতে ইচ্ছুক। যদি কোন ব্যক্তির আপত্তি থাকে, যথা শীঘ্র ১ মাসের মধ্যে বি.এল. আর ও বালী জগাছায় যোগাযোগ করুন। অন্যথায় আইনানুযায়ী উক্ত জমির নাম খারিজ করিতে বাধ্য থাকিবে।

বিনীত,
অভিষেক রায়
হাওড়া কোর্ট

VEDIKA CREDIT CAPITAL LIMITED

(CIN : U67120WB1995PLC069424)
Regd Office: C/O Mr. Subir Dhara, Village - Choto Khataliya, P.O .- Shiuli Telini Para, Dist. - 24 North Parganas, P.S .- Titagar, West Bengal - 700121
Tel: 9135001217, 18001236018 (Toll free), **Website:** www.teamvedika.com

STATEMENT OF UN-AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED SEPT 30, 2026

(Amount in Rs. In lakhs)

S. No.	Particulars	Quarter ended Sept 30, 2026 (Unaudited)	Quarter ended June 30, 2026 (Unaudited)	Quarter ended Sept 30, 2025 (Unaudited)	Year ended March 31, 2026 (Audited)
1	Total Income from Operations	11241.84	8769.99	7539.98	32370.88
2	Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional, and/or Extraordinary items)	2336.00	1329.72	1164.81	4279.94
3	Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items)	2336.00	1329.72	1164.81	4279.94
4	Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items)	1361.84	1164.71	893.38	3553.46
5	Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)]	1361.84	1164.71	893.38	3553.46
6	Paid up Equity Share Capital	3709.52	3709.52	3709.52	3709.52
7	Security Premium Account	14867.60	14867.60	14867.60	14867.60
8	Reserves (excluding Revaluation Reserve)	15965.44	14253.41	11472.14	9866.06
9	Net Worth	34542.56	32830.53	30049.26	31868.09
10	Paid up Debt Capital / Outstanding Debt	167773.78	154962.19	115070.87	148072.23
11	Outstanding Redeemable Preference Shares	NIL	NIL	NIL	NIL
12	Debt Equity Ratio	4.86	4.72	3.83	4.65
13	Annualized Earnings Per Share (of Rs. 10/- each) (for continuing and discontinued operations) -				
	1. Basic:	3.67	3.14	2.41	9.58
	2. Diluted:	3.67	3.14	2.41	9.58
14	Capital Redemption Reserve	Not Applicable	Not Applicable	Not Applicable	Not Applicable
15	Debenture Redemption Reserve	Not Applicable	Not Applicable	Not Applicable	Not Applicable
16	Debt Service Coverage Ratio	Not Applicable	Not Applicable	Not Applicable	Not Applicable
17	Interest Service Coverage Ratio	Not Applicable	Not Applicable	Not Applicable	Not Applicable

** Figures for the quarter ended are not annualized.*

Notes:
1. The above is an extract of the detailed format of quarterly financial statements filed with the stock exchange under Regulation 52 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015.
2. For the other line items referred in regulation 52 (4) of the LODR Regulations, pertinent disclosures have been made to the Stock Exchange i.e. BSE Limited and can be accessed on the websites of the BSE Limited **www.bseindia.com** and website of the company.

For and on behalf of the Board of Directors
Vedika Credit Capital Limited
Vikram Jain
(Whole Time Director)
DIN: 00367570

Place : Ranchi
Date : 12 Nov 2026

শ্রী কৃষ্ণ জুট প্রোডাক্টস্ লিমিটেড

সিআইএন নংঃ এল১৭২৩ডব্লুবি১৯৮১পিএলসি০৩৪৩৭২
রেজি. অফিস- ১৯ডি, মুক্তারাম বাবু স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০০৭
ইমেলঃ skjpl1981@gmail.com, ওয়েবসাইটঃ www.skjpl.in,
ফোন নং.- ৯০৭৩৯৬৫৫০৩

৩০শে সেপ্টেম্বর, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক ও অর্ধবার্ষিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী

পার্ট-১ (লক্ষে)

ক্রম. নং.	বিবরণ	ত্রৈমাসিক সমাপ্তি (৩০.০৯.২০২৬)	এ বছর এখনও পর্যন্ত সংখ্যা (৩০.০৯.২০২৬)	পূর্ববর্তী বছরে শেষ হওয়া সংশ্লিষ্ট ৩ মাস (৩০.০৯.২০২৫)	পূর্ববর্তী বছর সমাপ্তি (৩১.০৩.২০২৬)
	(নীচে নোটগুলি দেখুন)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(অনিরীক্ষিত)	(নিরীক্ষিত)
১	অপারেশন থেকে মোট আয়	০.০০	০.০০	০.৪৫	১৬.৮১
২	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) (করের আগে, ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারণ আইটেম*)	-০.৬০	-৩.৯৩	-২০.৫৮	-২৯.১০
৩	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) করের আগে), ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারণ আইটেমের পরে*)	-০.৬০	-৩.৯৩	-২০.৫৮	-৩১.৫৭
৪	সময়ের জন্য নিট লাভ/(ক্ষতি) করের পরে, ব্যতিক্রমী এবং/অথবা অতি-অসাধারন আইটেমের পরে*)	-০.৬০	-৩.৯৩	-২০.৫৮	-৩১.৫৭
৫	সময়ের জন্য মোট বিস্তৃত আয় [সময়ের জন্য লাভ/(ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য বিস্তৃত আয় (কর পরবর্তী) অন্তর্ভুক্ত]	-০.৬০	-৩.৯৩	-২০.৫৮	-৩১.৫৭
৬	ইক্যুইটি শেয়ার ক্যাপিটাল	২৪.৭৫	২৪.৭৫	২৪.৭৫	২৪.৭৫
৭	পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে দেখানো রিজার্ভ (পুনর্মূল্যায়নের রিজার্ভ ব্যতীত)।	-	-	-	-
৮	শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০ টাকা) (চলমান এবং বন্ধ কার্যক্রমের জন্য)				
	১. মৌলিক	(০.২৪)	(১.৫৯)	(৮.৩২)	(১২.৭৬)
	২. মিশ্র	(০.২৪)	(১.৫৯)	(৮.৩২)	(১২.৭৬)

মন্তব্যঃ
১. উপরোক্ত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ১২ নভেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের পরিচালনা পর্ষদের সভায় অনুমোদিত হয়েছে এবং কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকরা ৩০শে সেপ্টেম্বর ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং অর্ধ-বার্ষিকের জন্য উপরোক্ত আর্থিক ফলাফলের একটি 'সীমিত পর্যালোচনা প্রতিবেদন' পরিচালনা করেছেন।
২. এই বিবৃতিটি কোম্পানি আইন, ২০১৩-এর ধারা ১৩৩-এর অধীনে নির্ধারিত কোম্পানি (ভারতীয় অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড) বিধি, ২০১৫ এবং অন্যান্য স্বীকৃত অ্যাকাউন্টিং অনুশীলন এবং নীতিমালা অনুসারে প্রস্তুত করা হয়েছে।
৩. IND AS ১০৮ 'অপারেটিং সেগমেন্ট' অনুসারে কোম্পানির শুধুমাত্র একটি রিপোর্টযোগ্য সেগমেন্ট রয়েছে।
৪. পরিশোধিত মূলধনে ২,৪৭,৫০০ শেয়ার রয়েছে যার প্রতিটি ১০ টাকা=২৪,৭৫,০০০ টাকা।
৫. পূর্ববর্তী সময়কাল এবং বছরের পরিসংখ্যান যেখানে প্রয়োজন সেখানে পুনর্গঠন/পুনঃশ্রেণীবদ্ধ করা হয়েছে।
৬. শেয়ার তালিকাভুক্ত রয়েছে সিএসই এবং এমএসইআই।

শ্রী কৃষ্ণ জুট প্রোডাক্টস্ লিমিটেড-এর পক্ষে
স্বা/- সুরজ কুমার ঝাঁ
ম্যানেজিং ডিরেক্টর তথা সিএফও
ডিআইএনঃ ১০১৯৭৮৫৪

তারিখঃ ১২.১১.২০২৬
স্থানঃ কলকাতা

ইন্ডিয়ান বেস মেটালস কোম্পানি লিমিটেড

CIN-L27209WB1971PLC028015
নিবন্ধিত কার্যালয়ঃ ২৪০বি, আচার্য জগদীশ চন্দ্র বসু রোড, দ্বিতীয় তল, কলকাতা - ৭০০ ০২০
